

নিচের কোনটি রক্তের কাজ নয়?

- A. আমিষ পরিবহন ✓
- B. খাদ্যসার পরিবহন
- C. হরমোন পরিবহন
- D. শ্বাসকার্য

A 20%

B 9%

C 5%

D 66%

Solution:

রক্ত হচ্ছে এক বিশেষ তরল যোজক টিস্যু যার মাধ্যমে বিভিন্ন রক্তবাহিকা দেহের সকল কোষে পুষ্টি, ইলেক্ট্রোলাইট, হরমোন, ভিটামিন, অ্যান্টিবডি, O_2 , ইমিউন কোষ ইত্যাদি বহন করে এবং CO_2 ও বর্জ্য পদার্থ অপসারিত হয়। রক্তের সাধারণ কাজঃ শ্বাসকার্য, হরমোন পরিবহন, খাদ্যসার পরিবহন, বর্জ্য পরিবহন, উষ্ণতা নিয়ন্ত্রণ, রোগ প্রতিরোধ ইত্যাদি। আমিষ পরিবহন রক্তের কাজ নয়।

নিচের কোনটি রক্তের কাজ নয়?

A আমিষ পরিবহন ✓

B খাদ্যসার পরিবহন

C হরমোন পরিবহন

D শ্বাসকার্য

A 20%

B 9%

C 5%

D 66%

Solution:

রক্ত হচ্ছে এক বিশেষ তরল যোজক টিস্যু যার মাধ্যমে বিভিন্ন রক্তবাহিকা দেহের সকল কোষে পুষ্টি, ইলেক্ট্রোলাইট, হরমোন, ভিটামিন, অ্যান্টিবডি, O_2 , ইমিউন কোষ ইত্যাদি বহন করে এবং CO_2 ও বর্জ্য পদার্থ অপসারিত হয়। রক্তের সাধারণ কাজঃ শ্বাসকার্য, হরমোন পরিবহন, খাদ্যসার পরিবহন, বর্জ্য পরিবহন, উষ্ণতা নিয়ন্ত্রণ, রোগ প্রতিরোধ ইত্যাদি। আমিষ পরিবহন রক্তের কাজ নয়।

গর্ভাশয়ের অবস্থান অনুসারে ফুল কত
প্রকার?

A ২

B ১

C ৪

D ৩ ✓

A 50%

B 0%

C 10%

D 40%

Solution:

গর্ভাশয়ের অবস্থান অনুসারে ফুল ৩
প্রকার। যথা- (১) হাইপোগাইনাস ফুল,
(২) এপিগাইনাস ফুল, (৩)
পেরিগাইনাস ফুল।

কোন উদ্ভিদের কাণ্ড অর্ধ-বায়বীয় পরিবর্তিত কান্ড?

A আমকোলতা

B আমরুলী ✓

C শতমূলী

D রসুন

A 5%

B 43%

C 34%

D 20%

Solution:

কোনো কোনো কাণ্ডের কিছু অংশ মাটিতে এবং কিছু অংশ বায়ুতে থাকে, এদের অর্ধ-বায়বীয় পরিবর্তিত কাণ্ড বলে। উদাহরণ: থানকুনি, দুর্বাঘাস, আমরুলী, কচু, কচুরিপানা, টোপাপানা, পুদিনা, চন্দ্রমল্লিকা, বাঁশ প্রভৃতি।

ডু-নিম্নস্থ অতি সংক্ষিপ্ত রূপান্তরিত
কাণ্ডবিশিষ্ট উদ্ভিদ কোনটি?

A আদা

B হলুদ

C পেঁয়াজ ✓

D সবগুলো

A 5%

B 3%

C 6%

D 86%

Solution:

রাইজম: রাইজম হলো ডু-নিম্নস্থ
রূপান্তরিত কাণ্ড। অর্থাৎ যেসব কাণ্ড
মাটির নিচে আনুভূমিকভাবে বর্ধিত
হয়। আদা, হলুদ এগুলো ডু-নিম্নস্থ
রূপান্তরিত কাণ্ড (এগুলো মূল নয়)।

টিউবার: কাণ্ডের ডু-নিম্নস্থ শাখার
মাথার স্ফীত অংশকে টিউবার বলে।
আলু টিউবার কাণ্ডের উদাহরণ। মিষ্টি
আলু মূলের স্ফীত অংশ, কাণ্ড নয়।

বাল্ব: ডু-নিম্নস্থ অতি সংক্ষিপ্ত
রূপান্তরিত কাণ্ড হলো বাল্ব। যেমন-
পেঁয়াজ, রসুন জাতীয় উদ্ভিদের কাণ্ড।

রানার: উদ্ভিদের দুর্বল কাণ্ড যা মাটির
উপর পড়ে থাকে এবং পর্বের নিচে
অস্থানিক মূল ও উপরে পাতা বের

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কয় অণু CO_2 প্রয়োজন হয়?

- A ১২ অণু
- B ২ অণু
- C ৪ অণু
- D ৬ অণু ✓

A 6% B 4% C 0% D 90%

Solution:

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় ১ অণু হেক্সোজ শর্করা প্রস্তুত করতে ৬ অণু CO_2 ও ১২ অণু H_2O প্রয়োজন পড়ে এবং ৫০-৬০ ফোটন কণা ব্যবহৃত হয়। এছাড়া সালোকসংশ্লেষণকে একটি জটিল জারণ-বিজারণ প্রক্রিয়া বলা হয়। কারণ এখানে H_2O থেকে একদিনে যেমন: O_2 মুক্ত হয়, অন্যদিকে তেমনি CO_2 এর সাথে হাইড্রোজেন সংযুক্ত হয়।

অবাত শ্বসন প্রক্রিয়ায় কতো
কিলোক্যালরি শক্তি উৎপন্ন হয়?

A ২০ কিলোক্যালরি ✓

B ৩৬ কিলোক্যালরি

C ২৪ কিলোক্যালরি

D ৩৮ কিলোক্যালরি

A 52%


B 17%

C 7%

D 26%

Solution:

যে শ্বসন প্রক্রিয়া অক্সিজেনের
অনুপস্থিতিতে সম্পন্ন হয় তাকে অবাত
শ্বসন বলে। এ শ্বসন প্রক্রিয়ায়
রাসায়নিক বিক্রিয়া:



নিচের কোন উদ্ভিদকে পতঙ্গভুক উদ্ভিদ বলা হয়?

- A পাথরকুচি
- B জংলি মটর
- C সূর্যশিশির ✓
- D ঘৃতকুমারি

A 7% B 22% C 60% D 12%

Solution:

কিছু কিছু উদ্ভিদের পাতা আমিষ জাতীয় খাদ্যের জন্য পতঙ্গ ধরার ফাদ হিসেবে কলসি থলি প্রভৃতিতে পরিবর্তিত হয়। এ ধরনের উদ্ভিদকে পতঙ্গভুক উদ্ভিদ বলে। উদাহরণ: কলসি উদ্ভিদ, ঝাঁঝি দাম, সূর্যশিশির।

যান্ত্রিক ভারসাম্য রক্ষার্থে বটের
রূপান্তরিত মূল হিসেবে কোনটি থাকে?

A আরোহী মূল

B শোষক মূল

C ঠেস মূল

D স্তম্ভমূল ✓

A 14%

B 5%

C 24%

D 57%

Solution:

অবস্থানিক মূলের রূপান্তর মূলত তিন ধরনের। যথা: খাদ্য সঞ্চয়ের জন্য রূপান্তর, যান্ত্রিক ভারসাম্য রক্ষার্থে রূপান্তর, শারীবৃত্তীয় কার্য সাধনের জন্য রূপান্তর। যান্ত্রিক ভারসাম্য রক্ষার্থে রূপান্তর যেমন: বটের স্তম্ভমূল, কেয়ার ঠেস মূল, পানের আরোহী মূল ইত্যাদি।

আলোর উপস্থিতিতে পানি ভেঙ্গে অক্সিজেন হাইড্রোজেন আয়ন ও ইলেকট্রন উৎপন্ন হওয়ার প্রক্রিয়াকে কি বলে?

- A সালোকসংশ্লেষণ
- B জারণ-বিজারণ
- C কার্বোহাইড্রেট বিজারণ
- D সালোকবিভাজন ✓

A 49% B 15% C 0% D 39%

Solution:

আলোর উপস্থিতিতে পানি (H_2O) ভেঙ্গে অক্সিজেন (O_2) হাইড্রোজেন আয়ন বা প্রোটন (H^+) ও ইলেকট্রন (e^-) উৎপন্ন হয়। একে পানির সালোকবিভাজন বা হাইড্রোলাইসিস বলে।

ফুসফুসের কার্যকরী একক কোনটি?

A নিউরন

B হাইলাস

C নেফ্রন

D অ্যালভিওলাস ✓

A 0%

B 0%

C 4%

D 96%

Solution:

ফুসফুস হালকা গোলাপি স্পঞ্জের মতো থলি বিশেষ যা শ্বসনের প্রধান অংশ। অ্যালভিওলাস ফুসফুসের কার্যকরী একক। এগুলো আঙ্গুরের খোকার মতো অতি ক্ষুদ্রাকার বায়ুথলি। এগুলোর প্রাচীর সরল আঁশাকার আবরণী টিস্যু দ্বারা আবৃত এবং গ্যাস বিনিময় তল সৃষ্টি করে।

কঙ্কালতন্ত্রের কাজ-

- A সংযোগতল সৃষ্টি ✓
- B রোগ প্রতিরোধ
- C তাপমাত্রা নিয়ন্ত্রণ
- D প্রোটিন সংশ্লেষণ

A 95%

B 2%

C 1%

D 1%

Solution:

কঙ্কালতন্ত্র ভ্রূণীয় মেসোজর্ম থেকে উদ্ভূত অস্থি ও তরুণাস্থি নামক যৌজক টিস্যুর সমন্বয়ে গঠিত।

কঙ্কালতন্ত্রের কাজ: দৈহিক কাঠামো গঠন, সুরক্ষা, সংযোগতল সৃষ্টি, চলন, ভারবহন, রক্তকণিকা উৎপাদন।

দেহের অঙ্গসমূহ নিয়ে জীববিজ্ঞানের কোন শাখায় আলোচনা করা হয়?

A Evolution

B Taxonomy

C Morphology ✓

D Physiology

A 0%

B 10%

C 64%

D 25%

Solution:

এক বা একাধিক টিস্যু দিয়ে তৈরি এবং একটি নির্দিষ্ট কাজ করতে সক্ষম প্রাণিদেহের অংশবিশেষকে অর্গান বা অঙ্গ বলে। দেহের অঙ্গসমূহ নিয়ে জীববিজ্ঞানের যে শাখায় আলোচনা করা হয় তাকে অঙ্গসংস্থান বা Morphology বলে।

কোন উদ্ভিদের পাতায় জালিকা শিরাবিন্যাস দেখা যায়?

A খেজুর

B আম ✓

C ভুট্টা

D গম

A 6%

B 87%

C 5%

D 1%

Solution:

পত্রফলকে শিরা-উপশিরা ও এদের শাখা-প্রশাখাগুলো পরস্পর যুক্ত হয়ে একটি জালের মত সৃষ্টি করলে তাকে জালিকা শিরাবিন্যাস বলে।

দ্বিবীজপত্রী উদ্ভিদে জালিকা

শিরাবিন্যাস দেখা যায়। উদাহরণ:

আম, জাম, কাঁঠাল, লিচু, শিম, মটর, ছোলা ইত্যাদি।

কিসের কারণে ব্যক্তবীজী উদ্ভিদে ফল হয় না?

A বীজ নেই বলে

B গর্ভাশয় নেই বলে ✓

C নিষেক ক্রিয়া হয় না বলে

D পরাগায়ন হয় না বলে

A 7%

B 87%

C 6%

D 1%

Solution:

যে সকল উদ্ভিদের ফুল ও বীজ হয় কিন্তু ফুলে গর্ভাশয় নেই বলে ফল উৎপন্ন হয় না বিধায় বীজ নগ্ন অবস্থায় থাকে, তাদের নগ্নবীজী বা ব্যক্তবীজী উদ্ভিদ (Gymnosperm) বলে। যেমন: Cycas, Pinus, Gnetum ইত্যাদি।

নিচের কোনটি অপ্রকৃত ফল?

- A কুল
- B আপেল ✓
- C মটর
- D জাম

A 4% B 67% C 26% D 3%

Solution:

প্রকৃত ফল: যে ফল শুধু ডিম্বাশয় থেকে উৎপন্ন হয় তাকে প্রকৃত ফল বলে। যেমন: আম, জাম, কুল, মটর ইত্যাদি।

অপ্রকৃত ফল: ডিম্বাশয় ছাড়া ফুলের অন্যান্য অংশ ফল গঠনে অংশ নিলে সেই ফলকে অপ্রকৃত ফল বলে।

যেমন: চালতা, আপেল, ডুমুর ইত্যাদি। চালতার বৃতি এবং আপেলের পুষ্পাঙ্ক ফল গঠনে অংশ নেয়।

নিচের কোনটি মানুষের রেচন অঙ্গ?

A ইউরেটার ✓

B পাকস্থলী

C অ্যাপেনডিক্স

D অগ্ন্যাশয়

A 96%

B 2%

C 0%

D 3%

Solution:

রেচন পদার্থ নিষ্কাশনের জন্য মানবদেহে একটি মাত্র সুনির্দিষ্ট তন্ত্র রয়েছে যা রেচনতন্ত্র নামে পরিচিত। এর মাধ্যমে শতকরা ৮০ ভাগ রেচন পদার্থ নিষ্কাশিত হয়। বাকি ২০ ভাগ রেচন পদার্থ বিভিন্ন ক্রিয়াকর্মে উৎপন্ন ও বিভিন্ন অঙ্গের মাধ্যমে নিষ্কাশিত হয়। এরা সহকারী রেচন অঙ্গ হিসেবে কাজ করে। মানুষের রেচনতন্ত্র একজোড়া বৃক্ক, একজোড়া ইউরেটার, একটি মূত্রথলি ও একটি মূত্রনালি নিয়ে গঠিত।

নিচের কোন ফ্যাক্টর রক্ত জমাট
বাঁধতে সাহায্য করে?

- A জ্যানথিন
- B ক্রিয়েটিনিন
- C ক্যারোটিন
- D ফাইব্রিনোজেন ✓

A 0% B 2% C 4% D 94%

Solution:

অণুচক্রিকা (Platelet): অণুচক্রিকা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। রক্ত জমাট বাঁধার জন্য ১৩টি ফ্যাক্টর কাজ করে। রক্ত জমাট বাঁধার প্রধান ৪টি ফ্যাক্টর হলো: ফাইব্রিনোজেন, প্রোথ্রম্বিন, থ্রম্বোপ্লাস্টিন ও ক্যালসিয়াম আয়ন (Ca^{2+})। তবে রক্তের সাথে হেপারিন (Heparin) থাকায় দেহের অভ্যন্তরে রক্ত জমাট বাঁধে না।

আমিষ জাতীয় খাদ্যের পরিপাক শুরু হয় কোথায়?

A পাকস্থলী ✓

B ক্ষুদ্রান্ত্র

C অগ্ন্যাশয়

D বৃহদান্ত্র

A 78%

B 8%

C 10%

D 3%

Solution:

আমিষ জাতীয় খাদ্যের পরিপাক শুরু হয় পাকস্থলীতে। পেপসিন, জিলেটিনেজ, ট্রিপসিন, কাইসেট্রিপসিন, ইলাস্টেজ, অ্যামাইনো পেপটাইডেজ, ডাই ও ট্রাই পেপটাইডেজ, অগ্ন্যাশয় লাইপেজ, ফসফোলাইপেজ ও কোলেস্টরল এস্টারেজ ইত্যাদি পরিপাককারী এনজাইম। উৎপাদিত দ্রব্য অ্যামাইনো এসিড, ক্ষুদ্র ক্ষুদ্র পেপটাইড।

সমগ্র মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড একটি মজবুত ও দৃঢ় আবরণে আবৃত থাকে, তাকে কী বলে?

- A মেনিনজেস ✓
- B কটেক্স
- C সেরেব্রাম
- D কর্পাস ক্যালোসাম

A 87% B 5% C 4% D 5%

Solution:

সমগ্র মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড একটি দৃঢ় ও মজবুত আবরণে আবৃত থাকে। একে মেনিনজেস (Meninges) বলে। মেনিনজেস ৩টি তন্তুময় ঝিল্লি নিয়ে গঠিত। যথা- বাইরের ডুরা ম্যাটার, মধ্যবর্তী অ্যারাকনয়েড ম্যাটার এবং ভিতরের পায়াম্যাটার।

ডিম্বাশয় নিঃসৃত হরমোন কোনটি?

A টেস্টোস্টেরন

B থাইমোসিন

C গ্লুকাগন

D প্রোজেস্টেরন ✓

A 5%

B 0%

C 0%

D 95%

Solution:

স্ত্রীদেহে দেহ গহ্বরের তলদেশে বৃক্কের পিছনে একজোড়া ডিম্বাশয় থাকে। ডিম্বাশয়ের প্রাচীরে বিভিন্ন অবস্থার ফলিকল দেখা যায়, যার মধ্যে পরিপক্ব ফলিকালের ভিতর ডিম্বাণু সৃষ্টি হয়। ডিম্বাশয়ের মধ্যে ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন নামক স্ত্রী হরমোন নিঃসৃত হয়।

উচ্চ শ্রেণির উদ্ভিদের প্রজনন অঙ্গ কোনটি?

- A ফল
- B ফুল ✓
- C পাতা
- D বীজ

A 1% B 70% C 0% D 28%

Solution:

ফুল বা পুষ্প হল উদ্ভিদের বিশেষ একটি অঙ্গ যা উদ্ভিদের প্রজননে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটি উচ্চশ্রেণির উদ্ভিদের প্রজনন অঙ্গ।

রক্তের কোন গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলা হয়?

A গ্রুপ AB ✓

B গ্রুপ O

C গ্রুপ B

D গ্রুপ A

A 90% B 11% C 0% D 1%

Solution:

রক্তের গ্রুপ ১৯০০ সালে কার্ল ল্যান্ড স্টেইনার আবিষ্কার করেন। রক্তের গ্রুপ ৪ টি যথা- A, B, O এবং AB। O গ্রুপকে সর্বজনীন দাতা বলা হয়। O গ্রুপের রক্ত যে কোনো ব্যক্তির (O, A, B ও AB গ্রুপধারী) শরীরে দেওয়া যায়। AB গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলা হয়। AB গ্রুপধারী ব্যক্তি যে কোনো গ্রুপের রক্ত গ্রহণ করতে পারে।

মানবদেহের দীর্ঘতম কোষ কোনটি?

A নেফ্রন

B অ্যালভিওলাস

C ভিষ্ণাণু

D নিউরন 

A 13%

B 2%

C 2%

D 83%

Solution:

দেহের বাইরের এবং ভিতরের উদ্দীপনা গ্রহণ করা এবং সেই অনুযায়ী উপযুক্ত প্রতিক্রিয়া সৃষ্টি করা স্নায়ুতন্ত্রের কাজ। স্নায়ুতন্ত্রের গাঠনিক ও কার্যকরী একককে নিউরন বলে। নিউরন একটি পূর্ণাঙ্গ স্নায়ুকোষ। এটি মানবদেহের দীর্ঘতম কোষ।

মানবদেহের দীর্ঘতম কোষ কোনটি?

A নেফ্রন

B অ্যালডিওলাস

C ডিম্বাণু

D নিউরন ✓

A 13%

B 2%

C 2%

D 83%

Solution:

দেহের বাইরের এবং ভিতরের উদ্দীপনা গ্রহণ করা এবং সেই অনুযায়ী উপযুক্ত প্রতিক্রিয়া সৃষ্টি করা স্নায়ুতন্ত্রের কাজ। স্নায়ুতন্ত্রের গাঠনিক ও কার্যকরী একককে নিউরন বলে। নিউরন একটি পূর্ণাঙ্গ স্নায়ুকোষ। এটি মানবদেহের দীর্ঘতম কোষ।

নিচের কোনটি উভয়লিঙ্গ ফুল?

A কুমড়া

B নয়নতারা

C ধুতুরা ✓

D লাউ

A 9%

B 12%

C 76%

D 3%

Solution:

বিভিন্ন বৈশিষ্ট্যের ভিত্তিতে বিভিন্ন প্রজাতির উদ্ভিদের ফুলকে নানাভাবে শ্রেণিবিন্যাস করা যায়। এর মধ্যে উভয়লিঙ্গ ফুল অন্যতম। উভয় লিঙ্গ ফুলে পুংস্তবক এবং স্ত্রীস্তবক উভয়ই থাকে। উদাহরণ: ধুতুরা, জবা, সরিষা ইত্যাদি।

ঘ্রাণ অনুভূতি মস্তিষ্কে পৌঁছায় কোন স্নায়ু?

- A ট্রিকলিয়ার স্নায়ু
- B অপটিক স্নায়ু
- C অলফ্যাক্টরি স্নায়ু ✓
- D অকুলোমোটর স্নায়ু

A 0%

B 2%

C 93%

D 6%

Solution:

অলফ্যাক্টরি: ঘ্রাণ অনুভূতি মস্তিষ্কে পৌঁছায়।

অপটিক: দর্শন অনুভূতি মস্তিষ্কে পৌঁছায়।

অকুলোমোটর ও ট্রিকলিয়ার:

অক্ষিগোলকের সঞ্চালন করে।

হৃৎপিণ্ড যখন দেহের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত রক্তের যোগান দিতে পারে না তখন তাকে কী বলে?

A হার্ট ফেইলিউর ✓

B অ্যানজাইনা

C হার্ট অ্যাটাক

D অ্যারিথমিয়া

A 47% B 16% C 32% D 5%

Solution:

হৃৎপিণ্ড যখন দেহের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত রক্তের যোগান দিতে পারে না তখন এ অবস্থাকে হার্ট ফেইলিউর বলে। অনেক সময় হৃৎপিণ্ড রক্তে পরিপূর্ণ না হতে পারায়, কখনোবা হৃৎপ্রাচীরে যথেষ্ট শক্তি না থাকায় এমনটি হতে পারে। কিছু ক্ষেত্রে উভয় সমস্যাই একসঙ্গে দেখা যায়।

কোন ফুলের স্ত্রীস্তবকে পাঁচটি গর্ভপত্র রয়েছে?

A লাউ

B ডালিয়া

C কুমড়া

D ধুতুরা ✓

A 3%

B 5%

C 5%

D 87%

Solution:

যে ফুলে পুষ্পপত্রাধার, বৃতি, দলমণ্ডল, পুংস্তবক ও স্ত্রীস্তবক এ পাঁচটি অংশ থাকে তাকে সম্পূর্ণ ফুল বলে। যেমন: ধুতুরা, জবা প্রভৃতি।

নিচের কোনটিতে শর্করা
পরিপাককারী এনজাইম নেই?

- A লালারস
- B আন্ট্রিকরস
- C পাচকরস ✓
- D অগ্ন্যাশয় রস

A 19% B 13% C 47% D 24%

Solution:

এনজাইম এক ধরনের প্রোটিন যা জীবদেহে অল্প পরিমাণ বিদ্যমান থেকে বিক্রিয়ার হারকে ত্বরান্বিত করে কিন্তু বিক্রিয়ার পর নিজেই অপরিবর্তিত থাকে। বিভিন্ন রসে শর্করা, আমিষ ও স্নেহ জাতীয় খাদ্য পরিপাককারী এনজাইম থাকে। লালারস, অগ্ন্যাশয় রস এবং আন্ট্রিকরসে শর্করা পরিপাককারী এনজাইম থাকে। পাচকরসে শর্করা পরিপাককারী এনজাইম নেই।

জরায়ুজ অঙ্কুরোদগম হয় কোন উদ্ভিদে?

A রেড়ি

B গরান

C কেয়া

D খলসি ✓

A 6%

B 62%

C 9%

D 23%

Solution:

লোনা পানির অধিকাংশ উদ্ভিদে যে বিশেষ অঙ্কুরোদগম দেখা যায় তাই জরায়ুজ অঙ্কুরোদগম। যেমন: বোরা, খলসি, হারগোজা ইত্যাদি।

সালোকসংশ্লেষণের সময় উদ্ভিদ
কোনটি ত্যাগ করে?

- A নাইট্রোজেন
- B অক্সিজেন ✓
- C কার্বন-ডাই-অক্সাইড
- D কার্বন-মনোক্সাইড

A 0% B 91% C 10% D 0%

Solution:

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায়
প্রয়োজনীয় শক্তির উৎস হলো
আলো। লাল আলোতে সবচেয়ে বেশি
সালোকসংশ্লেষণ হয়।

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় নির্গত
অক্সিজেনের উৎস পানি। আলোর
উপস্থিতিতে পানি (H_2O) ভেঙ্গে
অক্সিজেন (O_2), হাইড্রোজেন আয়ন
বা প্রোটন ($2H^+$) ও ইলেকট্রন (e^-)
) উৎপন্ন হয়।